**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**11 NOVEMBER 2024** **7:35 PM IST**

==========================================================================

ধলাই সহ রাজ্যের পাচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপনির্বাচনের জন্য প্রচার অভিযানের আজ শেষ দিন । আগামী ১৩ নভেম্বর অনুষ্ঠেয় উপ-নির্বাচনে ৫ টি বিধানসভা আসনের জন্য ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করছেন । এন ডি এ,কংগ্রেস এবং বি পি এফের বেশ কয়েকজন প্রবীণ নেতা ভোটদাতাবদের আকর্ষিত করতে নির্বাচনী এলাকাগুলিতে প্রয়াস অব্যাহত রেখেছেন ।

ধলাই আসনে ক্ষমতাসীন বিজেপি সহ বিরোধী কংগ্রেস ও অন্যান্য দল নিজ নিজ প্রার্থীর সমর্থনে প্রচার অভিযান জোরদার করে তুলেছে । এই আসনের দলীয় প্রার্থীর জন্য মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া গতকাল আমড়াঘাট থেকে ভুবনডর বাজার পর্যন্ত একটি মোটর সাইকেল র‍্যালীতে অংশ গ্রহণ করে প্রচার চালানোর পর নির্বাচনী জনসভায় ভাষন দেন ।

বিজেপির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল বিহালী আসনে দিগন্ত ঘাটোয়ারের হয়ে প্রচার চালান । মন্ত্রী বেদেতিতে আয়োজিত এক জনসভায় অংশ নেন ।একইভাবে মন্ত্রী কেশব মহন্ত সামগুরি আসনে মিত্রজোটের প্রার্থী দিপ্লুরঞ্জন শর্মার সমর্থনে কলিয়াবরের বিভিন্ন অঞ্চলে প্রচার চালান ।

১১-১১-২৪/৭:৩৫মি:

-----------------------------------------------------------------

কংগ্রেস দলের সাংসদ তথা বিরোধী উপ-দলপতি গৌরব গগৈ বিহালিতে দলীয় প্রার্থীর হয়ে এক পদযাত্রায় অংশ নেন ।সাংসদ রকিবুল হুসেইন সামাগুরি আসনের অর্ন্তগত বিভিন্ন অঞ্চলে প্রচার চালান । এদিকে কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা গতকাল বিহালীতে দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শৰ্মা সামাগুরিতে একাংশ কংগ্রেস সমৰ্থক বিধায়ক জিতু গোস্বামীকে আক্রমণ করার ঘটনার নিন্দা জানান । এই ঘটনা দলটির নিরাশাকে প্রতিফলিত করেছে বলে মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন ।

উল্লেখ্য উপনির্বাচন অনুষ্ঠেয় ধলাই আসনে ৮ জন প্রার্থী , সামাগুরি আসনে ১১ জন , সিদলী আসনে ৩ জন , বিহালী আসনে ৪ জন ও বঙাইগাও আসনে ৮ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় অবতীর্ন হয়েছেন ।

---

এদিকে জেলা প্রশাসন থেকে আসন্ন ধলাই উপ-নির্বাচনে ভোটকর্মীদের যাতায়াতের বাস পরিষেবার ব্যাবস্থা সহ রোড ম্যাপ তৈরী করে দেওয়া হয়েছে । আগামী ১৩ নভেম্বর ভোটগ্রহণের উদ্দেশ্যে বরাদ্দ করা এই বাসগুলি আগামীকাল জেলার বিভিন্ন স্থান থেকে ভোটকর্মীদের আই এস বি টিতে নিয়ে আসবে ।

---

কল্যাণকামী রাষ্ট্র গড়ে তোলার ক্ষেত্রে আসামরিক সেবা  সরকার এবং জনসাধারণের মধ্যে সংযোগ স্থাপন করার একটি শক্তিশালী এবং অত্যন্ত প্রয়োজনীয় সেতু বলে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য মন্তব্য করেছেন । রাজ্যপালের প্রতিভা প্রোৎসাহন যোজনার অধীনে রাজ্যের আসামরিক সেবা পরীক্ষা সমূহের জন্য প্রস্তুতি গ্রহণ করা নির্বাচিত পরীক্ষার্থীদের জন্য কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্যিক মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে আয়োজিত প্রস্তুতিমূলক একটি নির্দেশনা মূলক অধিবেশনে অংশ গ্রহণ করে রাজ্যপাল গতকাল এ কথা বলেন । যুব-যুবতীদের মাতৃভূমির প্রতি দায়িত্ব পালনের জন্য আহ্বান জানিয়ে শ্রী আচার্য এই যোজনায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীদের প্রতিভা বিকাশের ক্ষেত্রে সাহায্য সহায়তা করা হবে বলেও মন্তব্য করেন । এই যোজনার অধীনে ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হবে । ভাষণ প্রসঙ্গে রাজ্যপাল ছাত্র-ছাত্রীদের ব্যাক্তিগত লাভ-লোকসানের উর্দ্ধে ওঠে দেশ তথা জাতিকে প্রাথমিকতা প্রদান করার আহ্বান জানিয়েছেন । এই পদক্ষেপ

রাজ্যের যুব-যুবতীদের আসামরিক সেবার ক্ষেত্রে আগ্রহী করে তোলা সহ দায়বদ্ধ এবং নিষ্ঠাবান সরকারী কর্মচারী গড়ে তুলবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---

বড়োল্যান্ড আঞ্চলিক পরিষদ (বিটিসি)র উদ্যোগে আগামী ১৫ ও ১৬ নভেম্বর নতুন দিল্লীতে দুঞ্চদিন ব্যাপী বড়োল্যান্ড মহোৎসব অনুষ্ঠিত হবে। নতুন দিল্লীর ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে এই মহোৎসবে বড়ো সমাজের কলা- সংস্কৃতি ইত্যাদি প্রদর্শন করা হবে। ১৫ নভেম্বরের বিভিন্ন কার্যক্রমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অংশগ্রহগন করার কথা রয়েছে। এই উতসবের সঙ্গে সঙ্গতি রেখে বড়োল্যান্ডে ইতিমধ্যেই নানা অনুশ্তহানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

---

লামডিং - বদরপুর পাহাড় লাইনে  রেল ট্র্যাক সংস্কারের কাজের জন্য  শিলচর রঙিয়া এক্সপ্রেস ট্রেনটি আজ থেকে আগামী ২০ নভেম্বর পর্যন্ত বাতিল করা হয়েছে বলে উত্তর পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে । লামডিং - বদরপুর পাহাড় লাইনের ডিকাহু ও মুপার মধ্যে রেল ট্র্যাক মেরামতির জন্য এই ট্রেনটি বাতিল করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষ জানিয়েছেন ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত ৩৩ তম কেপটেইন নলীনি মোহন গুপ্ত স্মৃতি প্রতিযোগীতার ফাইনাল খেলা আজ বিকেল ৪ টায় শিলচর সতীন্দ্র মোহন দেব খেলার মাঠে অনুষ্ঠিত হবে । এতে জেলা অভিবাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া দুই বিধায়ক কৌসিক রাই ও মিহির কান্তি সোম সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

আকাশবাণী শিলচর কেন্দ্র থেকে এই খেলার ধারাবিবরণী মিডিয়াম ওয়েভ ৮২৮ কিলোহার্জ এবং এফ এম ১০২ দশমিক ৩ মেগাহার্জে সরাসরি সম্প্রচার করা হবে । এছাড়া নিউজ অন এ আই আর অ্যাপেও এই খেলার ধারাবিবরণী শোনা যাবে ।